গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
এম.সি. কলেজ, সিলেট।
ফোন : ৭৬০৬৩৪, ফ্যাক্স : ৭৬২১৩৪
website: www.mccollege.edu.bd
Email: m.c.college_sylhet@live.com

তারিখ: ২৫.০৭.২০১৯খ্রি.

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (স্নাতকোত্তর ১ম পর্ব প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

১। **আবেদনের যোগ্যতা :** নিম্নের **ক** হতে **ছ** তে বর্ণিত যে কোন প্রকারের যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। **অনলাইনে আবেদনের নিয়ম :**

ক) আবেদনের জন্য প্রার্থীগণ **২৫.০৭.২০১৯** তারিখ থেকে **০১.০৮.২০১৯** তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যলয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.admissions.nu.edu.bd এ প্রবেশ করে Master's Tab এ গিয়ে Apply Now (Masters preli. private) অপশন থেকে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীকে সতর্কতার সাথে নিজের নাম, পিতা/মাতার নাম ও শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type : jpg এবং Maximum file size : 50Kb. আবেদন দাখিলের পর প্রার্থী রোল নম্বর এবং PIN কোড পাবে। অনলাইন আবেদন সম্পন্ন করার পর A4 সাইজ (8.5"×11") অফসেট সাদা কাগজে কালার প্রিন্ট নিতে হবে। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন প্রার্থী আবেদন করতে পারবে।

গ) অনলাইন আবেদনের কপি কালার প্রিন্টার দ্বারা প্রিন্ট আউট নিয়ে তার **দুটি অংশেই প্রার্থী স্বাক্ষর দিবে।**

ঘ) যদি আবেদন সংশোধনের প্রয়োজন হয় তবে Applicant's Login (Masters preli. private) অপশনে গিয়ে সঠিক মোবাইল নম্বর, রোল নম্বর এবং PIN কোড দিয়ে সংশোধন করা যাবে। উল্লেখ্য যে, সংশোধনের কাজটি যদি ছবি পরিবর্তন বিষয়ক হয় তবে তা একবার মাত্র সংশোধনের সুযোগ পাবে এবং কলেজ কর্তৃক আবেদন নিশ্চয়নের পর তা আর কোনক্রমেই সংশোধন করা যাবে না।

ঙ) আবেদন এবং রেজিস্ট্রেশনরে জন্য নির্ধারিত ফি শিওরক্যাশ এর মাধ্যমে জমা দিয়ে **ট্রানজেকশন নম্বর সংগ্রহ** করতে হবে।

চ) শিওরক্যাশ এ টাকা জমাদানের Payment Key Word: Mccmo

ছ) **আবেদন ফরমের উপর ও নিচ উভয় অংশে শিওরক্যাশ এর মাধ্যমে প্রেরিত ফি এর ট্রানজেকশন নম্বর লিখে কমিটির নিকট জমা দিয়ে প্রার্থীর নিজের অংশ সংগ্রহ করতে হবে।**

৩। **আবেদনের সময়সূচী :**

ক) নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রিন্ট আউটকৃত আবেদন ফরম **২৮.০৭.২০১৯** তারিখ থেকে **০৩.০৮.২০১৯** তারিখ পর্যন্ত (শুক্রবার ও অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতিত প্রতি কার্যদিবসে বেলা ১০.৩০ টা থেকে ১.৩০ টা পর্যন্ত) কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে কমিটির নিকট জমা দিয়ে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সিলসহ প্রার্থীর নিজের অংশ সংগ্রহ করতে হবে।

খ) অনলাইনে আবেদন ফরম পূরণ করার শেষ তারিখ ০১.০৮.২০১৯ এবং ডাউনলোডকৃত ফরম কলেজে জমা দেওয়ার শেষ তারিখ **০৩.০৮.২০১৯ ইং**, তবে অনলাইনের কাজ নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য এই তারিখের পূর্বেই আবেদন জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া গেল।

৪। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নির্বাচন :

ক) **বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলাম শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান।**

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই ডিগ্রী (পাস)/সমমান পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে ) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করতে হবে।

গ) ডিগ্রী (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

ঘ) বাংলা অথবা ইংরেজি বিষয়ে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর পঠিত বিষয় হিসাবে ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা অথবা ইংরেজি বিষয় থাকতে হবে।

৫। **আবেদন ও রেজিস্ট্রেশনের ধার্যকৃত ফিঃ ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র।)**

৬। **রেজিস্ট্রেশনের শর্তাবলী :**

ক) উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/ কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হবে না।

খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের নতুন সিলেবাস (অর্থাৎ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের নিয়মিত শিক্ষার্থীদের সিলেবাস) অনুসরণ করতে হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

**ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ১ম পর্ব নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত কোর্সে বর্তমানে অধ্যয়নরত অথবা অন্য যেকোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এই কোর্সে আবেদন করতে পারবে না। "দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকব।"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়ে/ প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।**

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

৭। **প্রয়োজনীয় কাগজপত্র:** অনলাইন আবেদনের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের ০১ সেট স্ট্যাপ্লার পিন দ্বারা সংযুক্ত করে অনলাইন আবেদনের উপর-নীচ উভয় অংশে মোবাইল নম্বর, পিন নম্বর এবং **ফি জমাদানের ট্রানজেকশন নম্বর** লিখে জমা দিতে হবে:

ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি

খ) ডিগ্রী (পাস) /সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী (পাস) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ডিগ্রী (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/ সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র

চ) কারাবন্দি প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর হতে প্রত্যয়নপত্র।

**বি:দ্র:** প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি থাকলে লাইনে না দাঁড়িয়ে কাগজপত্র সংগ্রহপূর্বক লাইনে দাঁড়ানোর পরামর্শ দেয়া গেল।

অধ্যক্ষ ২৫/০৭/১৯

এম.সি.কলেজ, সিলেট।